**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 JANUARY 2025** **7:35 AM IST**

==================================================================

দেশে হাতী এবং মানুষের সংঘাত দূর করার ক্ষেত্রে আসামের নগাঁও জেলার হাতীবন্ধু নামের সংগঠনটির গ্রহন করা পদক্ষেপের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভূয়সী প্রশংসা করেন । গতকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে অংশ নিয়ে মানুষ ও বন্যপ্রাণীর সহাবস্থানের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে হাতীর উপদ্রবে নগাঁও জেলার একটি গ্রামের ফসলের চূড়ান্ত ক্ষতি হচ্ছিল । প্রধানমন্ত্রী হাতী এবং মানুষের সংঘাতের কথা উল্লেখ করে হাতীবন্ধু সংগঠনটির গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জনসাধারণকে অবগত করেন । এখানকার গ্রামবাসী প্রায় ৮শো বিঘা অনুর্বর জমিতে উন্নতমানের ঘাস চাষ করে হাতীর খাদ্য যোগান দিয়ে আসছে , ফলে বৃহত্তর ওই অঞ্চলের উৎপাদিত জমিতে হাতীর উপদ্রব তুলনামূলকভাবে হ্রাস পেয়েছে । একই সঙ্গে হাতী-মানুষের সংঘাতও উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে । উল্লেখ্য গুয়াহাটির প্রদীপ ভূইয়া , বিনোদ দুলু বরা এবং মেঘনা ময়ূর হাজরিকা নামের কয়েকজন প্রকৃতিপ্রেমী হাতীবন্ধু সংগঠনের পক্ষ থেকে এই পদক্ষেপ গ্রহণ করেছেন । হাতী এবং মানুষের সংঘাত নিয়ে কৃপাল কলিতার দ্বারা পরিচালিত হাতীবন্ধু শীর্ষক তথ্যচিত্রটিও বহুল সমাদর লাভ করেছে ।

মন-কি-বাতের একশ ১৮তম পর্বে হাতী ও মানুষের সংঘাত দূর করার ক্ষেত্রে গ্রহন করা পদক্ষেপ সর্ম্পকে প্রধানমন্ত্রী বলেন যে

**সাউন্ড বাইট – ২০ সেকেন্ড**

---

আসামের প্রতিবেশী রাজ্য অরুণাচল প্রদেশের বাসিন্দা দীপক নায়ামরের কথাও প্রধানমন্ত্রী গতকাল মন-কি-বাত অনুষ্ঠানে উল্লেখ করেন । সমাজ এবং পরিবেশর উন্নয়নের জন্য দীপক নায়ামর কিভাবে মানসিকভাবে অসুস্থ , শারীরিক প্রতিবন্ধী , বৃদ্ধ এবং নেশাজাত দ্রব্য সেবনকারী লোকেদের যত্ন করছেন , সেকথা প্রধানমন্ত্রী শ্রদ্ধার সঙ্গে স্মরন করেন ।

---

আসাম পুলিশের সঞ্চালক প্রধান জ্ঞানেন্দ্র প্রতাপ সিংকে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর সঞ্চালক হিসেবে কেন্দ্রীয় সরকার মনোনীত করেছে । ১৯৯১ ব্যাচের আসাম - মেঘাময় কেডারের ভারতীয় পুলিশ সেবার আধিকারিক শ্রী সিংকে ২০২৩ সালের ৩১ শে জানুয়ারী আসাম পুলিশের সঞ্চালক হিসেবে নিযূক্তি দেওয়া হয়েছিল । আসাম ছাড়ার আগে আজ শ্রী সিংকে শিবসাগর পুলিশ অতিথিশালায় বিদায় সম্বর্ধনা জানানো হয় ।অনুষ্ঠানে শিবসাগর ও চরাইদেউর উচ্চ পদস্থ পুলিশ আধিকারিক সহ শিবসাগর জেলা আয়ুক্ত উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আগামী ২৪শে ফেব্রুয়ারী গুয়াহাটীর সরুসজাই স্টেডিয়ামে অনুষ্ঠেয় ঝুমুর বিনোদিনী উৎসবের আয়োজন করা হয়েছে । এই উৎসবে আসামের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য নৃত্যের মাধ্যমে তুলে ধরা সহ ও শিল্পকলার এক প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে । ঝুমুর উৎসবে অংশ গ্রহণ করার জন্য কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের দক্ষতা যাচাই করা হবে । এর পরিপ্রেক্ষিতে আগামীকাল থেকে আগামী ২৩ শে জানুয়ারী পর্যন্ত লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের অধীন লাবক চা বাগানের মাঠে নৃত্য শিল্পীদের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রের ঝুমুর বিনোদিনী নৃত্য প্রশিক্ষিন কর্মশালা আজ থেকে আগামী ২৩শে জানুয়ারী পর্য্যন্ত কেন্দ্রীয়ভাবে চান্দখিরা খেলার মাঠে অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলার সাংস্কৃতিক উন্নয়ন আধিকারীক চা জনজাতি সম্প্রদায়ের লোককে স্বত:স্ফূর্তভাবে ঝুমুর নৃত্য প্রশিক্ষন কর্মশালায় অংশগ্রহনের জন্য আহ্বান জানিয়েছেন ।

---

বাংলা সাহিত্য সভা আসামের দ্বিতীয় দ্বি-বার্ষিক রাজ্য প্রতিনিধি সম্মেলন আগামী ২১ , ২২ ও ২৩শে জানুয়ারী শিলচরে অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে গতকাল শিলচর রূপম সাংস্কৃতিক সংস্থার কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বাংলা সাহিত্য সভার

রাজ্য সম্পাদক ডক্টর প্রশান্ত চক্রবর্তী জানান যে আগামী ২১শে জানুয়ারী থেকে শুরু হওয়া দ্বিতীয় দ্বি-বার্ষিক রাজ্য প্রতিনিধি সম্মেলন শিলচর গান্ধী ভবন , গান্ধীবাগ এবং শিলচর গুরুচরন কলেজের প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে । সম্মেলনে ব্রহ্মপুত্র উপত্যকা থেকে বিশাল সংখ্যক প্রতিনিধি দল অংশ নেবেন । এই সম্মেলনের মূল্য উদ্দেশ্যে হচ্ছে বরাক ও ব্রহ্মপুত্র উপত্যকার মধ্যে থাকা দূরত্বকে হ্রাস করা । সাংবাদিক সম্মেলনে বাংলা সাহিত্য সভার রাজ্য সভাপতি খগেন চন্দ্র দাস , কাছাড় জেলার সভাপতি নীহার রঞ্জন পাল , অভ্যর্থনা সমিতির সাধারন সম্পাদক সন্দীপন দত্ত পুরকায়স্থ , রূপম সাংস্কৃতিক সংস্থার পক্ষে নিখিল পাল প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড় চা বাগানের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যবস্থাপনায় আজ বাগান নাচঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---